

Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) Project

কাঁকড়া চাষ: জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তির মাধ্যমে টেকসই জীবিকায়ন

জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তি হিসেবে বাংলাদেশের উপকূলীয় লবণাক্ত অঞ্চলে কাঁকড়া চাষের বিপুল সম্ভাবনা রয়েছে। তবে, কাঁকড়া চাষ বিষয়ে সচেতনতা ও দক্ষতার অভাব, অবকাঠামোগত ব্যয়, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি ঝুঁকির কারণে দীর্ঘদিন ধরে এই সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানো যায়নি। এই বাস্তবতার প্রেক্ষিতে RHL প্রকল্প একটি কৌশলগত ও সমন্বিত কার্যক্রম বাস্তবায়ন করেছে, যার লক্ষ্য জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ উপকূলীয় জনগোষ্ঠীকে দক্ষ কাঁকড়া উৎপাদনকারী হিসেবে গড়ে তোলার মাধ্যমে তাঁদের আত্মনির্ভরশীলতার সুযোগ সৃষ্টি করা এবং জলবায়ু পরিবর্তন সহনশীলতা বৃদ্ধি করা।

RHL প্রকল্পের কাঁকড়া চাষ কার্যক্রমের আওতায় উপকূলীয় প্রান্তিক মানুষদের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি, আর্থিক সহায়তা এবং ধারাবাহিক পরামর্শ প্রদান করা হচ্ছে। বিশেষজ্ঞ কারিগরি দিকনির্দেশনা ও সহজলভ্য অর্থায়নের সমন্বয়ে উপকূলীয় মানুষদের মধ্যে একদিকে যেমন কাঁকড়া চাষের আগ্রহ বেড়েছে, তেমনিভাবে কাঁকড়া চাষের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে উপকারভোগী পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং তাঁদের জীবনযাত্রায় দৃশ্যমান পরিবর্তনের সুযোগ সৃষ্টি হয়েছে।

RHL প্রকল্পের এই উদ্যোগ শুধু বিকল্প আয়ের একটি সুযোগ সৃষ্টি করেনি, বরং উপকারভোগী পরিবারগুলোকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নিতে ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করেছে, যার ফলে তাঁদের মধ্যে জলবায়ু পরিবর্তন সহনশীলতা জোরদার হয়েছে।

কাঁকড়া চাষি কোহিনুর আক্তার : সংকট থেকে সফলতা ও স্বনির্ভরতা

“RHL প্রকল্প থেকে আমি যা পেয়েছি, তা শুধু প্রশিক্ষণের মধ্যে সীমাবদ্ধ ছিল না। এই প্রকল্প আমাকে আত্মবিশ্বাস দিয়েছে এবং দক্ষতা শিখিয়েছে। আজ আমি একজন সফল কাঁকড়া চাষি। নিজের প্রচেষ্টায় সম্মানের সঙ্গে উপার্জন করছি এবং ভালোভাবে পরিবার চালাতে পারছি।”

৩৭ বছর বয়সি কোহিনুর আক্তার কক্সবাজারের মহেশখালী উপজেলার নয়াপাড়া গ্রামে বসবাস করেন। তাঁর স্বামী টানা ১৪ বছর গভীর সমুদ্রে মাছ ধরার জাহাজে কাজ করেছেন। তিন সন্তানসহ কোহিনুরের পরিবার দীর্ঘদিন পুরোপুরি নির্ভরশীল ছিল তাঁর স্বামীর আয়ের ওপর। কিন্তু, উপকূলীয় এই জনপদের জীবনে প্রতিনিয়ত অনিশ্চয়তার মুখোমুখি হতে হয়। সমুদ্রে কাজ করার সময় এক ভয়াবহ দুর্ঘটনায় তাঁর স্বামীকে একটি হাত হারাতে হয়। কোনো ক্ষতিপূরণ ছাড়াই তাঁকে চাকরি থেকে বাদ দেওয়া হয়। চিকিৎসা ব্যয় নির্বাহ, আর অন্যদিকে আয়ের পথ বন্ধ হয়ে যাওয়ায় পরিবারটি চরম অর্থ সংকটে পড়ে।

হাল না ছেড়ে কোহিনুর নিজ উদ্যোগে হাঁস, মুরগি ও ছাগল পালন শুরু করেন। স্বামীও মাঝে মাঝে দিনমজুরের কাজ করার চেষ্টা করেন। তবুও পরিবার তিকমতো চালাতে না পারায় তিন বছর আগে কোহিনুর কাঁকড়া চাষের সাথে যুক্ত হন। বছরে ১৫ হাজার টাকায় একটি জলাশয়



কোহিনুর আক্তার

লিজ নেন। পুঁজির অভাবে তাঁকে উচ্চ সুদে ঋণও নিতে হয়। কিন্তু রোগবলাইয়ের কারণে একের পর এক তাঁর হাঁস, মুরগি ও ছাগলের মৃত্যু হয়। অতিরিক্ত ঋতির মুখে তাঁর টিকে থাকাই কঠিন হয়ে ওঠে।

২০২৪ সালে তাঁর সংগ্রামের মোড় ঘুরে যায়, যখন তিনি RHL প্রকল্পের কাঁকড়া চাষ কার্যক্রমের উপকারভোগী হিসেবে যুক্ত হন। প্রকল্প থেকে



তিনি প্রশিক্ষণ, নিয়মিত কারিগরি সহায়তা এবং মোট ৩৩ হাজার টাকার আর্থিক সহায়তা পান, যা তিনি সরাসরি ককড়া খামারে বিনিয়োগ করেন। পাশাপাশি প্রকল্পের ক্ষুদ্র ঋণের সহায়তায় কোহিনুর আরও আত্মবিশ্বাসের সঙ্গে ককড়া চাষ চালিয়ে যান।

আজ কোহিনুরের সর্বমোট আয় দাঁড়িয়েছে ৮৩ হাজার টাকা। এই আয় দিয়ে তিনি পরিবার ও সন্তানদের পড়াশোনার খরচ বহন করছেন



এবং ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে পারছেন। সঠিক হিসাব রাখা, অন্য চাষি ও ব্যবসায়ীদের সাথে যোগাযোগ রাখা এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে কোহিনুর কষ্টের সময় পরিবর্তন করে নতুনভাবে জীবন সাজাচ্ছেন। জ্ঞান, পরিশ্রম ও মর্যাদার ওপর দাঁড়িয়ে তিনি গড়ে তুলেছেন এক টেকসই ও আত্মনির্ভরশীল জীবিকা।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠীর জন্য দুর্যোগ সহনশীল আবাসন ও জীবিকা উন্নয়নে উপকূলীয় ৭টি জেলায় Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) প্রকল্প বাস্তবায়ন করছে। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির অভিযোজনমূলক কার্যক্রমের মধ্যে অন্যতম হলো জলবায়ু পরিবর্তন সহিষ্ণু বসতভিটা নির্মাণ, লবণাক্ত পরিবেশে টেকসই জীবিকা চর্চা, যেমন - ককড়া চাষ, মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন, লবণাক্ততা সহনশীল সবজি চাষ, এবং বৃক্ষরোপণ।

উপদেশক:

মোঃ ফজলুল কাদের

ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ

উপ-ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

সম্পাদনা পরিষদ:

ড. একেএম নুরুজ্জামান

মোঃ আবু নাসির খান

মোঃ শামীম ইফতেখার

যোগাযোগ:

প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট

RHL প্রকল্প, পিকেএসএফ



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

পিকেএসএফ ভবন - ১, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা

ফোন: ৮৮০-২-৮১৮১১৬৯, ৮১৮১৬৬৪-৬৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭৮

ই-মেইল: pkssf@pkssf.org.bd

ওয়েব সাইট: www.pkssf.org.bd

ফেসবুক: www.facebook.com/PKSF.org

